

স্মারক নং- ২৭.২৪.০০০০.০১৮.৩১.০০১.২০. ২৬৪১

তারিখঃ ০৫ পৌষ ১৪২৭ বঙ্গাব্দ
২০ ডিসেম্বর ২০২০ খ্রিস্টাব্দ

সভাপতি

হযরত শাহআলী স্মরণী বহুমুখী সমবায় সমিতি লিঃ

১০/বি, মেইন রোড- ১ ও ৩ বা/প-১/এ

(১০ নং গোল চক্রর), মিরপুর, ঢাকা-১২১৬।

ফোন-০১৮১৯-২৮৪১৫৬।

QF-PRJ-06

বিষয়ঃ **লোড ছাড়পত্রের মেয়াদ বৃদ্ধি।**

সূত্রঃ (১) আবেদন নম্বা নং-৫০৪৪ (কাফরুল), এসই(পিএলডি)-১৫৩৯, তাং-২৯/১০/২০১৯।

(২) স্মারক নং-২৭.২৪.০০০০.০১৮.৩১.০০১.১৯.১৭৪৪, তাং-১৯/১২/২০১৯।

(৩) ২৩/১২/২০১৯ তারিখের পে-অর্ডার নং-৩৫৭৮৪৩৬ (আল-আরাফাহ আইবিএল) টাকা = ৪৫,০০০/-

(৪) ২৩/১২/২০১৯ তারিখের পে-অর্ডার নং-৩৫৭৮৪৩৫ (আল-আরাফাহ আইবিএল) টাকা = ৪৮,০৪,৮১৩/-

(৫) স্মারক নং-২৭.২৪.০০০০.০১৮.৩১.০০১.২০.১০, তাং-০২/০১/২০২০ খ্রিঃ।

(৬) স্মারক নং-২৭.২৪.০০০০.০১৮.৩১.০০১.২০.১২২৮, তাং- ২৯/১১/২০২০ খ্রিঃ।

(৭) ১৪/১২/২০২০ তারিখের পে-অর্ডার নং-৩৮২২৫৭৮ (আল-আরাফাহ আইবিএল) টাকা = ৭৫,০০০/-

বর্ণিত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, 'হযরত শাহআলী স্মরণী বহুমুখী সমবায় সমিতি লিঃ', ১০/বি, মেইন রোড- ১ ও ৩ বা/প-১/এ, ১০ নং গোল চক্রর), মিরপুর, ঢাকা-১২১৬ স্থাপনার জন্য বিদ্যমান ৯০০ কিঃওঃ লোডের অতিরিক্ত ১৫০০ কিঃওঃ বৃদ্ধি করে সর্বমোট (৯০০+১৫০০)= ২,৪০০ (দুই হাজার চারশত) কিঃওঃ লোড ছাড়পত্রের মেয়াদ বৃদ্ধির আবেদনের প্রেক্ষিতে ফেব্রুয়ারী-২০২১ পর্যন্ত নিম্নবর্ণিত শর্ত অনুযায়ী ছাড়পত্রের মেয়াদ বর্ধিত করা হলোঃ-

শর্তসমূহঃ

- ১। ভবিষ্যতে বিদ্যুৎ সংযোগের জন্য আবেদন করা হলে সংশ্লিষ্ট বিদ্যুৎ বিতরণ নেটওয়ার্কে আবেদিত লোড সংকুলান হলে সরকারী নির্দেশনা প্রতিপালন সাপেক্ষে আবেদনের ক্রমঅনুসারে নিয়ম মোতাবেক সংযোগের ব্যবস্থা গ্রহণ করা হবে এবং কোন নতুন অবকাঠামো নির্মাণের প্রয়োজন হলে তা ডিপোজিট স্কীমের আওতায় বাস্তবায়ন প্রয়োজ্য হবে।
- ২। বিদ্যুৎ চাহিদা ৮০ কিঃওঃ এর অধিক হওয়ায় নিয়মানুযায়ী ১১/০.৪ কেভি উপকেন্দ্র স্থাপন করতে হবে। উহার জন্য ট্রান্সফরমার, সুইচগিয়ার, পিএফআই গ্রান্ট, নিজস্ব মিটারিং ইউনিট ইত্যাদি নিজ খরচে স্থাপন করতে হবে।
- ৩। সংযোগ গ্রহণের পূর্বেই সংশ্লিষ্ট বিক্রয় ও বিতরণ বিভাগ (কাফরুল) বরাবর আবেদন করতে হবে।
- ৪। বিদ্যুৎ সংযোগ এর ক্ষেত্রে আন্ডার গ্রাউন্ড ক্যাবল, সুইচ গিয়ার স্থাপন, ওভার হেড লাইন নির্মাণ অথবা কোন রকম পরিবর্তনের প্রয়োজন হলে উহা ডেসকোর 'পলিসি গাইড লাইন' অনুযায়ী ডিপোজিট স্কীমের আওতায় বাস্তবায়ন করতে হবে।
- ৫। সংযোগ গ্রহণের পর ডেসকো নির্ধারিত মিটারিং এর ব্যবস্থায় বিল প্রণয়ন এবং সরবরাহ করা হবে।
- ৬। সংযোগ প্রদানের ক্ষেত্রে বিদ্যুৎ এর 'মূল্য হার ও নিয়মাবলী-৮৯ ও ইহার পরবর্তী সংশোধনী' এবং অন্যান্য অনুমোদিত নীতিমালা প্রযোজ্য হবে।
- ৭। উপকেন্দ্র চালু করার ক্ষেত্রে গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের অধীন বিভাগের বৈদ্যুতিক ও প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তর হতে প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।
- ৮। ইহা ছাড়াও সময়ে সময়ে জারীকৃত অন্যান্য বিধিমালা প্রযোজ্য ক্ষেত্রে অনুসরণ করতে হবে।
- ৯। বিদ্যুৎ বিতরণ নেটওয়ার্কে পর্যাপ্ত লোড সংকুলান না হলে কিংবা অন্য কোন কারণে চাহিত সময়ে সংযোগের বিষয়ে এই পত্র নিশ্চয়তা বিধান করে না।
- ১০। সংশ্লিষ্ট ১১ কেভি ফিডার ও ৩৩ কেভি সোর্সের লোড সংকুলান সাপেক্ষে বর্ণিত পরিমাণ লোডের সংযোগ প্রদান করা হবে।
- ১১। ডিপোজিট স্কীমের আওতায় কাজ সম্পাদন করা হলেও, কাজ সম্পাদনের পর নির্মিত Distribution Facility DESCO'র সম্পদ বলে গণ্য হবে এবং উক্ত Facility হতে ভবিষ্যতে অন্য গ্রাহককে সংযোগ প্রদানে প্রয়োজনীয় পরিবর্তনের অধিকার ডেসকো সংরক্ষণ করে।
- ১২। RMU স্থাপনের জন্য প্রধান সড়কের পাশে গ্রাইন্ড ফ্লোরে ১৫'x১২' ক্ষেত্রফলের একটি কক্ষ সংযোগ গ্রহণের পূর্বেই সংশ্লিষ্ট বিওবি বিভাগের নিকট বাস্তবে হস্তান্তর এরূপ উক্ত কক্ষে ডেসকো কর্তৃপক্ষের অবাধ প্রবেশাধিকার নিশ্চিত করতে হবে।
- ১৩। ভূ-গর্ভস্থ ক্যাবল লেইং কাজের জন্য যথাযথ কর্তৃপক্ষ (সিটি কর্পোরেশন/রাজউক/সংশ্লিষ্ট সংস্থা) হতে রাস্তা খননের প্রয়োজনীয় অনুমোদন নিজ ব্যয়ে ও নিজ দায়িত্বে সংগ্রহ করে ডেসকো বরাবর জমা প্রদান করতে হবে।
- ১৪। উক্ত ছাড়পত্র ফেব্রুয়ারী-২০২১ খ্রিঃ পর্যন্ত কার্যকর থাকবে।

ডেসকোর সার্বিক কার্যক্রমে আপনার সহযোগিতা একান্ত কাম্য।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,


২০/১২/২০২০

(প্রকৌঃ মোঃ নিজরুল ইসলাম)

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পিএলডি), ডেসকো।

অনুলিপি (সদয় অবগতির জন্য) :

- ১। প্রধান প্রকৌশলী (পিএলডি), ডেসকো।
- ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এসএলডি অপারেশন, ওয়েস্ট জোন-১।
- ৩। নির্বাহী প্রকৌশলী, বিওবি বিভাগ (কাফরুল)।
- ৪। অফিস কপি।